দৈনিক খবর

তারিখ ... 12 JUN 1990 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭

20

# প্রাথমিক শিক্ষা কর্মসূচী সফল করতে সামাজিক আন্দোলন প্রয়োজন

—কাজী জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেছেন, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী সফল করার জন্য একটি সামাজিক আন্দোলন চালাতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ।

তিনি বলেন, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী সফল করার জন্য সকল সামাজিক শক্তিদের নিয়ে একটি জরুরী কর্মসূচী তৈরি করা হচ্ছে।

বাসস জানায়, প্রধানমন্ত্রী গতকাল সোমবার ঢাকায় শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বাধ্যতামূলক শিক্ষা সংক্রান্ত এক বর্ধিত সভায় ভাষণ দিচ্ছিলেন। রাষ্ট্রপতির প্রাথমিক শিক্ষা সংক্রান্ত উপদেষ্টা আলহাজ্ব মনসুর আলী সরকার, শিক্ষা সচিব এ এন এম ইউসুফ এবং কয়েকজন বিশিষ্ট শিক্ষাবিদ ও গবেষক বৈঠকে উপস্থিত ছিলেন।

কাজী জাফর বলেন, সকলের জন্য প্রাথমিক শিক্ষা নিশ্চিত করাটা একটি বিশাল ব্যাপার। কিন্তু এর সাফল্য ছাড়া কোন গত্যন্তর নেই।

বৈঠকে ঐতিহাসিক বাধ্যতামূলক শিক্ষা কর্মসূচীর বিভিন্ন ধাপ বাস্তবায়নের বিষয়ে ব্যাপক বিস্তারিত আলোচনা হয়। এ কর্মসূচী আগামী বছর ১লা জানুয়ারী থেকে শুরু হবে।

বৈঠকে ডঃ শামসুল হককে আহবায়ক করে কর্মসূচীর বিভিন্ন সম্ভাবনার উপর পরামর্শ ও সমীক্ষার জন্য ৫ সদস্যের একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করা হয়।